

## **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৬৮৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৮৪]

الأدب) भिष्ठांष्ठात (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৮৪: লজ্জাশীলতা ও তার মাহাত্ম্য এবং এ গুণে গুণান্বিত হওয়ার প্রতি উৎসাহ প্রদান

بَابُ الْحَيَاءِ وَفَضِلْهِ وَالْحَتِّ عَلَى التَّخَلُقِّ بِهِ \_ (84)

আরবী

وَعَن أَبِي سَعِيدِ الخُدرِي رضي الله عنه، قَالَ: كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم أشدَّ حَيَاءً مِنَ العَذْرَاءِ في خِدْرِهَا، فَإِذَا رَأَى شَيْئاً يَكْرَهُهُ عَرَفْنَاهُ في وَجْهِه . متفقٌ عَلَيْهِ

বাংলা

8/৬৮৯। আবৃ সা'ঈদ খুদরী রাদিয়াল্লাহু 'আনহু বলেন, 'আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অন্তঃপুরবাসিনী কুমারীর চেয়েও বেশি লজ্জাশীল ছিলেন। যখন তিনি কোন জিনিস অপছন্দ করতেন আমরা তাঁর চেহারায় তা বুঝতে পারতাম।' (বুখারী ও মুসলিম) [1]

আলেমগণ বলেন, 'লজ্জাশীলতার প্রকৃতত্ব হল এমন সংচরিত্রতা, যা নোংরা বর্জন করতে মানুষকে উদ্বুদ্ধ করে এবং অধিকারীর অধিকার আদায়ে ত্রুটি প্রদর্শন করতে বিরত রাখে।

আবুল কাসেম জুনাইদ (রাহিমাহুল্লাহ) থেকে বর্ণিত, তিনি বলেছেন, 'লজ্জাশীলতা হল, নিয়ামত লক্ষ্য করা এবং সেই সাথে (তার কৃতজ্ঞতায়) ত্রুটি লক্ষ্য করা। এই দুয়ের মাঝে যে অনুভূতি সৃষ্টি হয়, তাকেই লজ্জা বলা হয়।'

## **English**

(84) Chapter: Exaltation of Modesty

Abu Sa'id Al-Khudri (May Allah be pleased with him) reported: Messenger of Allah (ﷺ) was even shier than a virgin behind her veil. When he saw something which he disliked, we could perceive it on his face.

[Al-Bukhari and Muslim].

Commentary: Though this Hadith particularly refers to the character of



Messenger of Allah (PBUH), it also reveals the fact that modesty is a peculiar quality of woman. An unmarried woman, above all else, is considered to be the embodiment of bashfulness. Islamic countries have witnessed many curses of western civilization and the worst is the one which has robbed away the modesty of woman because it is the last protective shield of Islamic civilization which the enemy is consistently sweeping off. May Allah grant Muslims the insight to avert this wickedness!

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩৫৬২, ৬১০২, ৬১১৯, মুসলিম ২৩২০, ইবনু মাজাহ ৪১৮০, আহমাদ ১১২৮৬, ১১৩৩৯, ১১৪২৩, ১১৪৫২, ১১৪৬৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন